

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
সচিব এর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৪২.০০.০০০০.১১.০১৬.০২৩.২০-৪৫


২৩ মাঘ, ১৪২৬
তারিখঃ-----
০৬ ফেব্রুয়ারি, ২০২০

বিষয়ঃ নদ-নদী, ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানি দূষণরোধে কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বর্তমানে নদ-নদী, ভূ-পরিষ্ক ও ভূ-গর্ভস্থ পানি দূষণ প্রকট আকার ধারণ করেছে। এ দূষণ রোধে করণীয় নির্ধারণে গত ১৭/১০/২০১৯ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয় (কপি সংযুক্ত)। সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলীগণের মাধ্যমে মনিটরিং কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে দূষণসংক্রান্ত একটি সমন্বিত আধুনিক ডাটাবেজ তৈরীকরণের সিদ্ধান্ত গ্রহীত হয়।

এ অবস্থায়, নদ-নদী, ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানি দূষণরোধে উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(এস.এম. সাদিক তামভীর)
সচিবের একান্ত সচিব
ফোন: ০২-৯৫১৫৫৩৫
মুঠোফোন: ০১৭১৬৭৬৬৩৪৯
ই-মেইল: pssec@mowr.gov.bd

বিতরণঃ

১। নির্বাহী প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ৭২ গ্রীণরোড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সকল)।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
সচিব এর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

স্মারক নং-৪২.০০.০০০০.০১১.১৮.০০৫.১৪-৩৪৫

তারিখ: ১৯ কার্তিক ১৪২৬
০৪ নভেম্বর ২০১৯

“নদ-নদী দূষণ ও ভূ-গর্ভস্থ পানির দূষণরোধের মাধ্যমে পক্ষীকুলের আশ্রয় ও খাদ্য নিশ্চিতকণ” বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় ও এর অধীনস্থ সংস্থা সমূহের প্রধানদের সমন্বয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব কবির বিন আনোয়ার মহোদয়ের সভাপতিত্বে ১৭ অক্টোবর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



(এস.এম. সাদিক তানভীর)
সচিবের একান্ত সচিব
ফোন: ০২-৯৫১৫৫৩৫

মুঠোফোন: ০১৭১৬৭৬৬৩৪৯
ই-মেইল: pssec@mowr.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
৪. মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৫. মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হারুকান্দি, ফরিদপুর।
৬. সদস্য, যৌথ নদী কমিশন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৭. নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অফ ওয়াটার মডেলিং, মহাখালী, ঢাকা।
৮. নির্বাহী পরিচালক, সিইজিআইএস, গুলশান, ঢাকা।
৯. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. শ্রী যশোধন প্রামানিক, উদ্ভাবক ও সমন্বয়কারী, পক্ষীকুলের আশ্রয় ও খাদ্য নিশ্চিতকণ প্রকল্প, বনপাড়া, নাটোর।

o/c

বিষয় : “নদ-নদী দূষণ ও ভূ-গর্ভস্থ পানির দূষণরোধের মাধ্যমে পক্ষীকূলের আশ্রয় ও খাদ্য নিশ্চিতকরণ” সভার কার্যবিবরণ
সভাপতি : জনাব কবির বিন আনোয়ার, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ১৭/১০/২০১৯খ্রিঃ; বেলা ১১:০০ টা।
স্থান : পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা “পরিশিষ্ট ক” দ্রষ্টব্য।

সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিষয়োক্ত সভার পটভূমি ব্যাখ্যা করে জনাব মো: আব্দুস সামাদ, উপসচিবকে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য আহ্বান জানান। জনাব সামাদ সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ‘পক্ষীকূলের আশ্রয় ও খাদ্য নিশ্চিতকরণ প্রকল্প’ - এর উদ্ভাবক ও সমন্বয়কারী শ্রী যশোধন প্রামানিককে তার বক্তব্য উপস্থাপনের অনুরোধ করেন। এ পর্যায়ে শ্রী যশোধন প্রামানিক সভাকে জানান, বর্তমানে পানি দূষণ সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। মানুষের পয়োঃবর্জ্য নদীর তলদেশ ভরাট করে ফেলছে। নদীর পানি প্রবাহ কম থাকায় এ পয়োঃদূষণ মারাত্মক আকার ধারণ করেছে। দূষণ সংক্রান্ত বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় থেকে স্থানীয় সরকার বিভাগ এবং পরিবেশ অধিদপ্তরকে পত্র প্রেরণ করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় থেকে স্থানীয় সরকার বিভাগকে পয়োঃবর্জ্য দূষণ বিষয়ে অবহিত করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ থেকে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও ওয়াসাকে নদী দূষণ না করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। শ্রী যশোধন প্রামানিক সভাকে আরও জানান, নদী দূষণের সাথে নতুনভাবে যুক্ত হয়েছে ভূগর্ভস্থ পানি দূষণ। বর্তমানে কৃষকগণ মাঠ থেকে দূষিত পানি নিষ্কাশনের জন্য ভূগর্ভে মোটা পাইপ স্থাপন করে ভূ-পরিষ্কৃত পানি ভূগর্ভের বিভিন্ন স্তরে প্রবেশ করছে। ফলে আপদনাশক মুক্ত ময়লা পানি ভূ-গর্ভের বিভিন্ন স্তরে দূষিত করছে। ফলে জনস্বাস্থ্য মারাত্মক হুমকির মুখে পড়েছে।

২। এ পর্যায়ে সভাপতি জীর বক্তব্যে বলেন, বাংলাদেশ নদীমাতৃক দেশ। সকল প্রাণের উৎস পানি। জীব-জগতের সকল খাদ্য-শৃংখলের মূলে রয়েছে পানি। পানি ছাড়া কোন খাদ্য-শৃংখল নেই। তাই পানি দূষিত হলে জীব-জগতের সকল খাদ্য-শৃংখল দূষিত হয়ে পড়ে। এ দূষণরোধ করা আমাদের একান্ত কর্তব্য। ভূ-গর্ভস্থঃ এবং ভূ-পরিষ্কৃতঃ পানির দূষণরোধ, শিল্পাঞ্চলে রাসায়নিক বর্জ্যের মাধ্যমে নদী দূষণরোধ, পরিবেশ দূষণরোধসহ বিভিন্ন দূষণরোধ করে এ পানিকে বিশুদ্ধ, সুপেয় এবং প্রবাহমান রেখে জীব-জগতের খাদ্য-শৃংখল দূষণমুক্ত ও নিরাপদ নিশ্চিত করে আগামী প্রজন্মকে একটি সুখী, সমৃদ্ধ, সুন্দর বাংলাদেশ উপহার দেয়ার লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের কার্যকর ভূমিকা রয়েছে। তিনি সভায় সারাদেশে বিশেষকরে শিল্পাঞ্চলগুলিতে (ঢাকা, রাজশাহী, সাভার, নারায়ণগঞ্জ, নরসিংদী, গাজীপুর) দূষণের বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলীগণের মাধ্যমে দূষণে নিয়োজিত সকল শিল্প প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, দূষণের প্রক্রিয়াসহ ছবি সম্বলিত একটি ডাটাবেজ তৈরী করে মনিটরিং কার্যক্রম জোরদারকরণের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করেন। সভাপতির বক্তব্যের সাথে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

- বাপাউবোর সকল নির্বাহী প্রকৌশলীগণের সাথে পানি বিষয়ক একটি ভিডিও কনফারেন্স আয়োজন করা;
- শ্রী যশোধন প্রামানিকের উপস্থাপিত তথ্যাদি সকল নির্বাহী প্রকৌশলীগণের নিকট প্রেরণ; এবং
- মনিটরিং কার্যক্রম জোরদারের লক্ষ্যে বাপাউবোর নির্বাহী প্রকৌশলীগণের মাধ্যমে দূষণসংক্রান্ত একটি সমন্বিত আধুনিক ডাটাবেজ তৈরীকরণ।

৩। আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়